# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৪]

৪/ নিদ্রার আদব (كتاب آداب النوم)

পরিচ্ছেদঃ ১২৯: মজলিস ও বসার সাথীর নানা আদব-কায়দা

(129) بَابُ فِيْ آدَابِ الْمَجْلِسِ وَالْجَلِيْسِ

আরবী

وَعَنْ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: قَلَّمَا كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يَقُومُ مِنْ مَجْلِسٍ حَتَّى يَدْعُوَ بِهَؤُلاَءِ الدَّعَوات: « اَللهم اقْسِمْ لَنَا مِنْ خَشْيَتِكَ مَا تَحُولُ بِهِ بَيْنَنَا وَبَيْنَ مَعَاصِيكَ، وَمِنْ طَاعَتِكَ مَا تُبَلِّغُنَا بِهِ جَنَّتَكَ، وَمِنَ الْيَقِينِ مَا تُهَوِّنُ عَلَيْنَا مَصَائِبَ الدُّنْيَا، اَللهم مَتِّعْنَا بِأَسْمَاعِنَا، وَأَبْصَارِنَا، وَقُوَّتِنَا مَا أحْيَيْتَنَا، وَاجْعَلْهُ الوَارِثَ مِنَّا، وَاجْعَلْ ثَأرَنَا عَلَى مَنْ ظَلَمَنَا، وَانْصُرْنَا عَلَى مَنْ عَادَانَا، وَلاَ تَجْعَلْ مُصِيبَتَنَا فِي دِينِنَا، وَلاَ تَجْعَلِ الدُّنْيَا أَكْبَرَ هَمِّنَا، وَلاَ مَبْلَغَ عِلْمِنَا، وَلاَ تُسَلِّطْ عَلَيْنَا مَنْ لاَ يَرْحَمُنَا ». رواه الترمذي، وقال: حديث حسن

বাংলা

১০/৮৩৮। ইবনে উমার রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, তিনি বলেন, খুব কম মজলিসই এমন হতো, যেখান থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই দো’আ না পড়ে উঠতেন, (অর্থাৎ অধিকাংশ মজলিস থেকে উঠার আগে এই দো’আ পড়তেন,)

’’আল্লা-হুম্মাক্বসিম লানা মিন খাশয়্যাতিকা মা তাহূলু বিহী বাইনানা অবাইনা মা’আ-স্বীক, অমিন ত্বা-’আতিকা মা তুবাল্লিগুনা বিহী জান্নাতাক, অমিনাল য়্যাক্বীনি মা তুহাউবিনু বিহী আলাইনা মাস্বা-ইবাদ দুনয়্যা। আল্লাহুম্মা মাত্তি’না বিআসমা-’ইনা অ আবস্বা-রিনা অ ক্বুউওয়াতিনা মা আহয়্যাইতানা, অজ্’আলহুল ওয়া-রিসা মিন্না। অজ’আল সা’রানা আলা মান যালামানা, অনস্থুরনা ’আলা মান ’আ-দা-না, অলা তাজ’আল মুস্বীবাতানা ফী দ্বীনিনা। অলা তাজ’আলিদ্দুনয়্যা আকবারা হাম্মিনা অলা মাবলাগা ’ইলমিনা, অলা তুসাল্লিত্ব ’আলাইনা মাল লা য়্যারহামুনা।’’

অর্থাৎ আল্লাহ গো! আমাদের জন্য তোমার ভীতি বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদের ও তোমার অবাধ্যাচরণের মাঝে অন্তরাল সৃষ্টি কর। তোমার আনুগত্য বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদেরকে তোমার জান্নাতে পৌঁছাও। আমাদের জন্য এমন একীন (প্রত্যয়) বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদের উপর দুনিয়ার বিপদসমূহকে সহজ

করে দাও। হে আল্লাহ! তুমি আমাদের কর্ণ, চক্ষু ও শক্তি দবারা যতদিন আমাদেরকে জীবিত রাখ, ততদিন আমাদেরকে উপকৃত কর এবং তা আমাদের মৃত্যু পর্যন্ত অবশিষ্ট রাখ। যারা আমাদের উপর অত্যাচার করেছে, তাদের নিকট আমাদের প্রতিশোধ নাও। যারা আমাদের সাথে শত্রুতা করেছে তাদের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর। আমাদের দ্বীনে আমাদেরকে বিপদগ্রস্ত করো না। দুনিয়াকে আমাদের বৃহত্তম চিন্তার বিষয় এবং আমাদের জ্ঞানের শেষ সীমা করো না, আর যারা আমাদের উপর রহম করে না, তাদেরকে আমাদের উপর ক্ষমতাসীন করো না। (তিরমিযী, হাসান)[1]

## English

(129) Chapter: Etiquette of Attending company and sitting with Companions

Ibn 'Umar (May Allah be pleased with them) reported:

Messenger of Allah (ﷺ) seldom left a gathering without supplicating in these terms: "Allahumma-qsim lana min khashyatika ma tahulu bihi bainana wa baina ma'sika, wa min ta'atika ma tuballighuna bihi jannataka, wa minal-yaqini ma tuhawwinu 'alaina masa-'ibad-dunya. Allahumma matti'na biasma'ina, wa absarina, wa quwwatina ma ahyaitana, waj'alhul-waritha minna, waj'al tharana 'ala man zalamana, wansurna 'ala man 'adana, wa la taj'al musibatana fi dinina, wa la taj'alid-dunya akbara hammina, wa la mablagha 'ilmina, wa la tusallit 'alaina man-la yarhamuna, (O Allah, apportion to us such fear as should serve as a barrier between us and acts of disobedience; and such obedience as will take us to Your Jannah; and such as will make easy for us to bear in the calamities of this world. O Allah! let us enjoy our hearing, our sight and our power as long as You keep us alive and make our heirs from our own offspring, and make our revenge restricted to those who oppress us, and support us against those who are hostile to us let no misfortune afflict our Deen; let not worldly affairs be our principal concern, or the ultimate limit of our knowledge, and let not those rule over us who do not show mercy to us)."

[At- Tirmidhi].

Commentary: This Hadith reveals a prayer through which we may be able to reach all that which is good in this world as well as in the Hereafter.

ফুটনোট

[1] তিরমিযী ৩৫০২

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন